তারিখ : 27 OCT 2015
পৃষ্ঠা : ১২ কলাম : ২

সংবাদ

# নান্দাইলে ভুয়া সনদে শিক্ষক নিয়োগের অভিযোগ

প্রতিনিধি, নান্দাইল (ময়মনসিংহ)

ময়মনসিংহের নান্দাইল উপজেলার বাকচান্দা আব্দুস সামাদ একাডেমিতে ভুয়া সনদ দিয়ে শিক্ষক নিয়োগের অভিযোগ পাওয়া গেছে।

জানা যায়, বিগত ১৭ জুলাই বাকচান্দা আব্দুস সামাদ একাডেমিতে সহকারী শিক্ষক (কম্পিউটার) পদে মোঃ মাহবুবুল আলমকে নিয়োগ প্রদান করা হয়েছে। উক্ত শিক্ষক স্নাতক পাসের সনদ হিসেবে আমেরিকা বাংলাদেশ বিশ্ববিদ্যালয় হতে বি.বি.এস (অনার্স) অর্থাৎ সমাজবিজ্ঞানে স্নাতক পাস করেছেন। এই সনদের সত্যতা যাচায়ের জন্য বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের কাছে পত্র পাঠানো হলে মঞ্জুরি কমিশন ৯ আগস্ট ১৫ তারিখ তাদের ইউজিসি/বে:বি:/৩২৪(০৪)/৯৭/৫১৬১ নং স্মারকে বিশ্ব-বিদ্যালয়ের সমাজবিজ্ঞান অনুষদের কোন অনুমোদনই ছিল না। বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে তার পাসের কোন তথ্য নেই। অপরদিকে কম্পিউটার প্রশিক্ষণ সনদ হিসেবে সমাজ কল্যাণ মন্ত্রণালয়ের অধীনে শহর সমাজসেবা কার্যালয়, কিশোরগঞ্জ হতে সনদ জমা দিয়েছেন। উক্ত সনদ যাচাইয়ের জন্য পাঠানো হলে ৪ আগস্ট ১৫ ইং তারিখ তাদের ৪১/০১/৪৮০০/০৪১/১৬/১৬০/১৫/৯৪ নং স্মারকে সমাজসেবা কর্মকর্তা, শহর সমাজসেবা কার্যালয় কিশোরগঞ্জ এর স্বাক্ষরিত পত্রের মাধ্যমে জানায় উক্ত শিক্ষকের নামের বিপরীতে কোন সনদপত্র ইস্যু করা হয়নি বিধায় উক্ত সনদটি ভুয়া বলে প্রতীয়মান হয়। সর্বশেষ জানা যায় ঐ শিক্ষক বর্তমানে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে গৌরিপুর মহিলা কলেজ স্টাডি সেন্টারে বিএ/বিএসএস শাখার ৩য় ও ৪র্থ সেমিস্টারের একজন শিক্ষার্থী। শিক্ষক নিয়োগ কমিটির সদস্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মো: আইনুল ইসলাম ও মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতরের মহা-পরিচালক (ডিজি) প্রতিনিধি চণ্ডীপাশা সরকারী উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো: নাজির উদ্দিন আর্থিক সুবিধা নিয়ে এ নিয়োগের বৈধতা দিয়েছেন বলে অভিযোগ রয়েছে। এ বিষয়ে উপজেলা মাধ্যমিক অফিসারের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি জানান, সনদ ভুয়া হলে বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি তার নিয়োগ বাতিল করতে পারে এবং ডিজি প্রতিনিধি নাজির উদ্দিনের সঙ্গে মোবাইল ফোনে যোগাযোগ করা হলে তিনি এ বিষয়ে কথা বলতে অপারগতা প্রকাশ করেন।